# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৪-৬১৯

তারিখ: ২৯ আষাঢ়, ১৪৩৩ / ১৩ জুলাই, ২০২৬

## বিজ্ঞপ্তি

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নং ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০১.২৪.৮৯, তারিখ ০৮ জুলাই, ২০২৬ খ্রি. স্মারক মোতাবেক দেশের ক্রীড়া উন্নয়নে বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের অংশ হিসাবে দেশের তৃণমূল পর্যায় থেকে ১২-১৪ বছর বয়সী প্রতিভাবান ক্রীড়া শিক্ষার্থীদের অন্বেষণ, বিকাশ এবং ক্রীড়ামুখী মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে ক্রীড়া পরিদপ্তরের আয়োজন **"নতুন কুঁড়ি স্পোর্টস"** কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে **আগামী ২৭ জুলাই ২০২৬ তারিখ বিকাল ৪:০০ টায় বাংলাদেশ আর্মি স্টেডিয়াম ঢাকায় "নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২০২৬"** প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হতে যাচ্ছে।

০২। এমতাবস্থায়, উক্ত অনুষ্ঠানকে উৎসবমুখর, প্রাণবন্ত ও সাফল্যমন্ডিত করার লক্ষ্যে ঢাকা মহানগরে অবস্থিত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের স্কুল ড্রেসে স্বত:স্ফূর্তভাবে অনুষ্ঠানে অংশগ্রহণের নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

১৩/৭/২৬

**প্রফেসর এস এম তৌহিদুজ্জামান**
রেজিস্ট্রার
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/সুপার/প্রতিষ্ঠান প্রধান/সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর আওতাধীন ঢাকা মহানগরের সকল স্তরের মাদ্রাসা।

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২৪-৬১৯(৯)

তারিখ: ২৯ আষাঢ়, ১৪৩৩ / ১৩ জুলাই, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক (ঢাকা);
২. উপজেলা নির্বাহী অফিসার (ঢাকা);
৩. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৪. জেলা শিক্ষা অফিসার (ঢাকা);
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ঢাকা);
৬. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
৭. সদস্যবৃন্দ-গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/ এডহক কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর আওতাধীন সকল মাদ্রাসা;
৮. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৯. অফিস কপি।

১৩.০৭.২৬

**মো: আব্দুর রশিদ**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২- ৯৬৭৪৮৭৪
ইমেইল: dradmin@bmeb.gov.bd